যুগান্তর

তারিখ 22 OCT 2007
পৃষ্ঠা [illegible] কলাম ৭



যুগান্তর

শিক্ষাবঞ্চিত দশমিনার চর শাহজালালের শিশুরা

### ছয় হাজার শিশু শিক্ষা থেকে বঞ্চিত

# দশমিনার তিন চরে কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই

দশমিনা প্রতিনিধি

দশমিনার চরাঞ্চলের ছয় হাজার শিশু শিক্ষা থেকে বঞ্চিত। অন্যদিকে এই উপজেলার ৩টি চরে কোন শিক্ষা প্রতিষ্ঠানই নেই। উপজেলার চরহাদি, চর বাঁশবাড়িয়া ও চর শাহজালালে কোন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে ওঠেনি। উপজেলার যোগাযোগ বিচ্ছিন্ন, দুর্গম ছোট বড় ৭টি চর রয়েছে। চরগুলোর মধ্যে প্রধান ৪টি চরে জনবসতি রয়েছে। এর মধ্যে চর বোরহানে ২টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। চর বোরহান বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ নাসির উদ্দিন বাবুল বলেন, চর বোরহানে কমপক্ষে ৪টি শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজন। উপজেলার মধ্যে সবচেয়ে বড় চর চর বোরহান। এ চরে প্রায় এক হাজার অধিক শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত হচ্ছে। চর শাহজালালে প্রায় ৮শ' শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত। এ চর ২টি উপজেলার রণগোলাদি ইউনিয়নের অন্তর্ভুক্ত। উপজেলা সদর ইউনিয়নের অধীনে রয়েছে চরহাদি। এ চরের ভূমিহীন আলাউদ্দিন, মোঃ সোহরাব, মোহাম্মদ আমিন এ প্রতিনিধিকে জানান, চরহাদিতে কোন শিক্ষা প্রতিষ্ঠান নেই। প্রায় ৩ হাজার শিশু শিক্ষা গ্রহণ থেকে বঞ্চিত হচ্ছে। চর বাঁশবাড়িয়ার মোঃ মনির হোসেন, বজলু হাওলাদার, আমির হোসেন চৌকিদার, আজাহার ব্যাপারি জানান, একটি রেজিস্টার প্রাথমিক বিদ্যালয় গড়তে প্রায় ১০ বছর দৌড়াদৌড়ি উপজেলা শিক্ষা অফিসে। কিন্তু সরকারি নিয়মনীতি অনুসারে শিক্ষক, শিক্ষিকা পাওয়া যায় না। এছাড়াও প্রতিষ্ঠান এমপিওভুক্ত না হলে শিক্ষকরা বেতন পাবে না বলে উপজেলার কেউ দরখাস্ত করছে না। চর বাঁশবাড়িয়া প্রায় দেড় হাজার শিশু শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। উপজেলার নদীভাঙন, দুস্থ, অসহায় ছিন্নমূল মানুষজন এসব চরে বসবাস করছে।